দৈনিক বাংলা

28

তারিখ ...21 AUG ১৯৯১

পৃষ্ঠা... ৬ ...কলাম ... ২ ...

85

# পরীক্ষার ফল ও নতুন পরীক্ষা

সমস্যাটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের দু'টি পরীক্ষা নিয়ে। পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করা হয়েছে। পুরান পরীক্ষার ফলাফল ঘোষণার নাম নেই। ফলে বিপদে পড়েছে পরীক্ষার্থীরা। এমন দু'টি সংবাদ আছে ঢাকার গত শনিবারের দু'টি দৈনিকে। আবেদন আছে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেবার।

দৈনিক বাংলায় প্রকাশিত অভিযোগে বলা হয়েছে– ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯০ সালের ডিগ্রী পরীক্ষার তারিখ পিছাতে পিছাতে পরীক্ষা শেষ হয়েছে ১৯৯১ সালের মার্চ মাসে। তারপর ৪ মাস কেটে গেছে। পরীক্ষার ফলাফলের কোন খবর নেই। অথচ ১৯৯১ সালের ডিগ্রী পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। ইতিমধ্যেই অনেক কলেজে ফরম পূরণ শেষ হয়েছে। কিন্তু ১৯৯০ সালের পরীক্ষায় যারা অকৃতকার্য হবে তাদের অবস্থা কি হবে, তারা কি নতুন করে ফরম পূরণের সময় এবং নতুন করে ১৯৯০ সালের পরীক্ষা দেয়ার প্রস্তুতি নেবার মত প্রয়োজনীয় সময় পাবে?

প্রায় একই ধরনের অভিযোগ আছে এলএলবি পরীক্ষা নিয়ে। অভিযোগে বলা হয়েছে, ১৯৯০ সালের এলএলবি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। কিন্তু আজো ১৯৮৯ সালের প্রিলিমিনারী ও ফাইনাল পরীক্ষার ফল প্রকাশ করা হয়নি। অথচ ১৯৮৯ সালে যারা প্রিলিমিনারী পরীক্ষায় পাস করবে তারাই হবে ১৯৯০ সালের ফাইনাল পরীক্ষার মূল পরীক্ষার্থী। আর যারা ১৯৮৯ সালের প্রিলিমিনারী বা ফাইনাল পরীক্ষায় অকৃতকার্য হবে তাদেরও ১৯৯০ সালের পরীক্ষায় নতুন করে অংশগ্রহণের কথা। কিন্তু ১৯৯০ সালের প্রিলিমিনারী এবং ফাইনাল পরীক্ষার তারিখ নির্ধারণ থেকে মনে হয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রশ্নটি বিবেচনায় আনেননি।

এ ব্যাপারে বিশেষ ব্যবস্থা বা নতুন কথা বলা বাহুল্য বলেই আমরা মনে করি। আমাদের শুধু জানার বাসনা, এ ঘটনা ঘটল কি করে। সেশন জট এড়াবার জন্য এ পদক্ষেপ নেয়া হলে বলতে হবে এ পদক্ষেপ অসংখ্য পরীক্ষার্থীর জন্য নতুন সেশন জট সৃষ্টি করবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে কিছু একটা করলে ভাল হয়।